



বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমানের নামে প্রতিষ্ঠিত কলেজের অস্তিত্ব হুমকির মুখে

স্টাফ রিপোর্টার ॥ বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমানের নামে প্রতিষ্ঠিত কলেজটির অস্তিত্ব এখন হুমকির মুখে। কিনাইমহ জেলার মহেশপুর উপজেলায় বালিশপুর বাজারে প্রতিষ্ঠিত এই কলেজটির এমপিওভুক্তিও একাডেমিক স্বীকৃতি চেয়েছেন শহীদ হামিদুর রহমানের মা কয়দাচুন বেগম। বুধবার এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, স্থানীয় সংসদ সদস্য কমান্ডার দাপটে

হামিদুর রহমান কলেজের এক কি.মি. দূরে হামিদুর রহমানের জমিদ ওপর শহীদ জিয়াউর রহমান কলেজ স্থাপন করেছেন। ওধু তাই নয়, হামিদুর রহমান কলেজের স্বীকৃতি এবং এমপিওভুক্তির জন্য বাস্তবতার সুপারিশ থাকার পরও স্থানীয় সংসদ সদস্য একাডেমিক স্বীকৃতি না দেবার জন্য অভিযোগ দিয়েছেন এবং এই অভিযোগের ভিত্তিতে স্বীকৃতি না দেবার জন্য সুপারিশ করেছেন শিক্ষামন্ত্রী। বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের ম' কলেজটি রক্ষায় প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন। জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত এই সাংবাদিক সম্মেলনে কলেজের অধ্যক্ষ মোঃ রফিকউদ্দিন লিখিত বক্তব্য পাঠ করেন।